# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-09-2026** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) কেন্দ্রীয় প্রকল্পগুলির সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও জন ভাগীদারির উদ্দেশে ১৭ ই সেপ্টেম্বর থেকে রাজ্যে শুরু হচ্ছে 'সেবা সংকল্প অভিযান'।

২) রাজ্যে দুই বিধানসভা কেন্দ্রে আসন্ন উপনির্বাচনে প্রার্থীর নাম ঘোষণা করেছে বিক্ষুব্ধ তৃণমূল কংগ্রেস বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায় শিবির।

এনসিপিআই সাংসদদের বিজেপিতে যোগাদনারে ব্যাপারে জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়ার দাবি খারিজ করে দিয়েছেন রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য্য।

৩) জমির মালিকের অজান্তে ভুয়ো রেজিস্ট্রি রুখতে নতুন প্রযুক্তিনির্ভর ব্যবস্থা আনছে রাজ্য সরকার।

৪) আন্তর্জাতিক ও জাতীয় স্তরে প্রতিনিধিত্ব করেছেন রাজ্যের এমন প্রাক্তন ক্রীড়াবিদদের মাসিক সাম্মানিক দেবে রাজ্য সরকার।

৫) সমুদ্র পরিচ্ছন্ন রাখার উদ্দেশে দক্ষিণ ২৪ পরগণা ও পূর্ব মেদিনীপুরে চলছে স্বচ্ছ সাগর সুরক্ষিত সাগর অভিযান।

-----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার, আগামী ১৭'ই সেপ্টেম্বর থেকে রাজ্য জুড়ে 'সেবা সংকল্প অভিযান' শুরু করার নির্দেশ দিয়েছে। সরকারি প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া, জনসচেতনতা বৃদ্ধি এবং নাগরিকদের অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে এই অভিযান চলবে ১০'ই অক্টোবর পর্যন্ত। রাজ্যের সমস্ত দফতর, জেলা প্রশাসন, পুরসভা ও ব্লক প্রশাসনকে সমন্বিতভাবে এই কর্মসূচি পালন করতে বলা হয়েছে। সরকারের তরফে জানানো হয়েছে, ১৭'ই সেপ্টেম্বর 'আশীর্বাদের প্রদীপ' কর্মসূচির মাধ্যমে অভিযানের সূচনা হবে। দোসরা থেকে চৌঠা অক্টোবর 'সেবা সেতু অভিযান'-এ ব্লক, পুরসভা ও পুরনিগম এলাকায় শিবির করে সরকারি প্রকল্প ও পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে।

---------------------------

সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে রাজ্য সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতেও একাধিক কর্মসূচি নেওয়া হয়েছে। জেলা স্কুল পরিদর্শকদের পাঠানো নির্দেশিকায় স্কুল শিক্ষা সচিব বিনোদ কুমার জানিয়েছেন, ১৭ সেপ্টেম্বর থেকে ৭

অক্টোবর পর্যন্ত "২৫ কোটি শিশুর স্বপ্নের ভারত" কর্মসূচিতে বিকশিত ভারতের লক্ষ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প সম্পর্কে স্কুলের ছাত্রছাত্রীদের অবহিত করা হবে। স্কুলগুলিতে পড়ুয়াদের নিয়ে আয়োজন করা হবে বক্তৃতা, অঙ্কন প্রতিযোগিতার।

১৭ সেপ্টেম্বর থেকে "নমো সেবা গাথা" কর্মসূচি উপলক্ষে স্কুল পড়ুয়াদের সংশ্লিষ্ট এলাকায় সমাজসেবামূলক কাজে শামিল করা হবে।

----------------------------

রাজ্যে দুই বিধানসভা কেন্দ্রে আসন্ন উপনির্বাচনের জন্য প্রর্থার নাম ঘোষণা করেছে তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ বিধায়ক তথা বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের শিবির। পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম কেন্দ্রে প্রার্থী হয়েছেন মহম্মদ এতেশামুল হক। রেজিনগরে সফিউজ্জামান শেখ-কে প্রার্থী করা হয়েছে। সাংবাদিক বৈঠকে আজ ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, ১৬ তারিখ তাঁর শিবিরের প্রার্থীরা মনোনয়ন জমা দেবেন। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের নাম ও প্রতীকেই তাঁরা আপাতত প্রচার চালাবেন। দলের স্বত্ব ও জোড়া ফুল প্রতীকের অধিকার নিয়ে নির্বাচন কমিশনই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলে উল্লেখ করেন তিনি।

বাইট

এদিকে, মমতা ব্যানার্জী পন্থী কালিঘাট শিবিরের পক্ষ থেকে রেজিনগরে রবিউল আলম চৌধুরী আজ মনোনয়ন জমা দিয়েছেন। নন্দীগ্রমে তাদের তরফে সঞ্চিতা প্রধান দে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অন্যদিকে, রেজিনগরের কংগ্রেস প্রার্থী মহম্মদ আব্দুল্লাহি কাফি আজ তাঁর মনোনয়নপত্র জমা দেন। জেলাশাসকের কার্যালয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ অন্য নেতৃবৃন্দের উপস্থিতিতে তিনি প্রার্থী পদ দাখিল করেন। দলের তরফে নন্দীগ্রামে প্রার্থী করা হয়েছে মিলন প্রধানকে।

সি পি আই এম এর তরফে নন্দীগ্রামে শান্তি গোপাল গিরি এবং রেজিনগরে সইদ আসাদ আলি প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। রেজিনগরে আর এস পি প্রার্থী হয়েছেন বিকাশ চন্দ্র মিশ্র।

আম জনতা উন্নয়ন পার্টির তরফে হুমায়ুন কবীরের ছেলে গোলাম নবী আজাদ ইতোমধ্যেই রেজিনগর কেন্দ্রে মনোনয়ন জমা দিয়েছেন।

উল্লেখ্য, আগামী ৬'ই অক্টোবর ওই দুই আসনে উপনির্বাচনে ভোটগ্রহণ। গণনা অক্টোবরের ৯'তারিখ।

---------------------------

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ও মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের দিন আগামী ৬ই অক্টোবর সংশ্লিষ্ট এলাকার সব সরকারি, আধা সরকারি দপ্তর, কর্পোরেশন, শিক্ষা প্রতিষ্ঠানে এন আই অ্যাক্টে ছুটি ঘোষনা করা হয়েছে। দোকান, বানিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরতদের সবেতন ছুটি দেওয়ার জন্য পৃথক নির্দেশিকা জারি করেছে শ্রম দপ্তর। ঐ  দুই বিধানসভা কেন্দ্রের কোনো বাসিন্দা কর্মসূত্রে বাইরে থাকলে তাদেরও সবেতন ছুটি দেওয়ার কথা বলা হয়েছে।

-----------------------------

খুব শীঘ্রই তাদের ১৭ জন সাংসদ বিজেপিতে যোগ দিচ্ছেন বলে এনসিপিআই সাংসদ জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়া যে দাবি করেছেন, তা খারিজ করে দিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য। তাঁর দাবি দল এমন কোনো সিদ্ধান্ত নেয়নি। এনসিপিআই সাংসদদের এনডিএ-কে সমর্থনের সিদ্ধান্তকে স্বাগত জানালেও তারা কেউ বিজেপিতে আসছেনা বলে উল্লেখ করেন তিনি।

বাইট

এর আগে কোচবিহারের সাংসদ জগদীশ বর্মা বসুনিয়া দাবি করেন, তৃণমূল কংগ্রেস থেকে তারা বিজেপি-তেই যোগদান করতে চেয়েছিলেন। কিন্তু মুর্শিদাবাদের তিন সাংসদ সরাসরি বিজেপিতে যোগ দিতে না চাওয়ায় বিজেপি নেতৃত্বের উদ্যোগে তারা

এনসিপিআই-তে যোগদান করেন। ২০ জন এনসিপিআই সাংসদদের মধ্যে ঐ তিন জন বাদে বাকি ১৭ জন বিজেপিতে যোগ দেবেন বলে তিনি জানান।

বাইট

-----------------------------

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য আজ মিডিয়া, আইটি, সোশ্যাল মিডিয়া এবং মুখপাত্র পদে বেশ কিছু রদবদল করেছেন। একাধিক নতুন নিয়োগের কথাও ঘোষণা করেছেন তিনি। রাজ্য বিজেপির প্রধান মুখপাত্র হয়েছেন দেবজিৎ সরকার। এছাড়াও রিতেশ তিওয়ারি, সায়ন্তন বসু, সপ্তর্ষি চৌধুরী, কেয়া ঘোষ সহ মোট ১৩ জন মুখপাত্র পদে নিযুক্ত হয়েছেন। এছাড়া মিডিয়া বিভাগে অনুপম ঘোষ, আইটি বিভাগে জয় মল্লিক এবং সোশ্যাল মিডিয়ায় উপমন্যু ভট্টাচার্যকে আহবায়ক পদে নিয়োগ করা হয়েছে।

-----------------------------

জমির মালিকের অজান্তে ভুয়ো রেজিস্ট্রি রুখতে নতুন প্রযুক্তিনির্ভর ব্যবস্থা আনছে রাজ্য সরকার। স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন দফতর 'আপনি' নামে একটি মোবাইল অ্যাপ চালু করতে চলেছে, যার মাধ্যমে রেজিস্ট্রি অফিসেই ক্রেতা ও বিক্রেতার পরিচয় ডিজিটালভাবে যাচাই করা হবে। পরীক্ষামূলকভাবে আগামী সপ্তাহে বিধাননগরে এই

পরিষেবা চালু হচ্ছে। দু'সপ্তাহের ট্রায়ালের পর দুর্গাপুজোর আগেই রাজ্যজুড়ে তা চালুর পরিকল্পনা রয়েছে।

জমি রেজিস্ট্রির আবেদন জমা পড়লেই ক্রেতা ও বিক্রেতাকে একটি করে কোয়ারি নম্বর দেওয়া হবে। প্রথম পর্যায়ে আধার নম্বর যাচাই সম্পন্ন হওয়ার পর উভয় পক্ষকে মোবাইলে ডাউনলোড করতে হবে ৪ এমবির 'আপনি' অ্যাপ। রেজিস্ট্রির নির্ধারিত দিনে সংশ্লিষ্ট অফিসে উপস্থিত থেকে অ্যাপে কোয়ারি নম্বর দিয়ে নিজের তথ্য যাচাই করতে হবে। মোবাইলের ক্যামেরার সামনে চোখের পাতা দু'বার ফেললেই তথ্য রাজ্যের নির্দিষ্ট পোর্টালে পৌঁছে যাবে। সেই তথ্য মিলিয়ে দেখবেন রেজিস্ট্রার বা সংশ্লিষ্ট আধিকারিক।

-----------------------------

আন্তর্জাতিক ও জাতীয় স্তরে প্রতিনিধিত্ব করেছেন রাজ্যের এমন প্রাক্তন ক্রীড়াবিদদের মাসিক ১০ হাজার টাকা সাম্মানিক দেবে রাজ্য সরকার। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ইন্দ্রনীল খাঁ এ খবর জানিয়ে বলেন, 'মুখ্যমন্ত্রী কৃতি ক্রীড়াবিদ সম্মান যোজনা'র মাধ্যমে রাজ্যের প্রবীণ খেলোয়াড়দের পাশে দাঁড়াতে চায় নতুন সরকার।

বাইট ইন্দ্রনীল খাঁ

মন্ত্রী আরো জানান, অলিম্পিক ও এশিয়ান গেমস কিংবা জাতীয় স্তরে সোনা, রুপো অথবা ব্রোঞ্জ পাওয়া সব খেলোয়াড়দের এক কোটি থেকে ২৫ লক্ষ টাকা এককালীন সাম্মানিক হিসেবে দেওয়া হবে।

----------------------------

বিকশিত ভারতের লক্ষ্যে রাজ্য সরকার, শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বাংলায় গড়ে ওঠা কেন্দ্রীয় প্রতিষ্ঠানগুলির সঙ্গে একযোগে কাজ করবে। বিজ্ঞান, প্রযুক্তি ও জৈব প্রযুক্তি দপ্তরের মন্ত্রী ডক্টর কল্যাণ চক্রবর্তী আজ যাদবপুরে CSIR-CGCRI-এ দুদিন ব্যাপী "Quantum and Semiconductor Technologies: Innovations for the Future" শীর্ষক জাতীয় স্তরের এক সম্মেলনে বলেন, পূর্বতন সরকারের প্রবণতা ছিল কেন্দ্রীয় প্রতিষ্ঠানগুলিকে এড়িয়ে কাজ করার। কিন্তু বর্তমান সরকার দুইয়ের মেলবন্ধন ঘটিয়ে বিকাশের পথে চলতে চায়। বিজ্ঞান সাধনার ক্ষেত্রে কেউ অস্পৃশ্য হতে পারে না বলেও উল্লেখ করেন তিনি।

সম্মেলনে উপস্থিত ছিলেন CSIR-CGCRI-এর ডিরেক্টর প্রফেসর বিক্রমজিৎ বসু। তিনি বলেন,

বাইট

----------------------------

সুরেন্দ্রনাথ আইন কলেজে জটিলতা আজও অব্যাহত। ৬৫ শতাংশের নিচে উপস্থিতির হার থাকলে সেইসব ছাত্রছাত্রীদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না বলে আজ ফের স্পষ্ট করে দিয়েছেন সুরেন্দ্রনাথ আইন কলেজের উপাধ্যক্ষ মহম্মদী তারান্নুম। তবে আজ থেকে কলেজে গিয়ে বিশেষ ক্লাস নেওয়ার কথা ঘোষণা করলেও কলেজে যাননি উপাধ্যক্ষ। তিনি দাবি করেন, বিশেষ ক্লাস শুরু হয়েছে। তবে বিশেষ ক্লাস করার পরেও যেসব পড়ুয়ার উপস্থিতির হার কম থাকবে তাদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না বলে তিনি জানিয়েছেন। অন্যদিকে, আজ আন্দোলনকারী ছাত্রীদের একাংশ অভিযোগ করেন, কলেজের ছাত্র সংসদের সঙ্গে যুক্ত কিছু ব্যক্তি তাঁদের কুপ্রস্তাব দিতেন। এই অভিযোগ উড়িয়ে দিয়েছেন উপাধ্যক্ষ। তিনি জানান এই ধরনের কোন অভিযোগ তার কাছে আসেনি।

-----------------------------

সমুদ্র পরিচ্ছন্ন রাখার উদ্দেশ্যে ২০২২ সালে কেন্দ্রীয় ভূ বিজ্ঞান মন্ত্রকের অধীন শুরু হয়েছে ‘স্বচ্ছ সাগর, সুরক্ষিত সাগর’ কর্মসূচি। সব মন্ত্রক, দপ্তর, নাগরিক, স্বেচ্ছাসেবী সংগঠন সহ সবার অংশীদারিত্ব এবং জন ভাগিদারীর উদ্দেশ্যে চলতি মাসের ১২ তারিখ থেকে ১৯ তারিখ পর্যন্ত দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুর জেলায় চলছে স্বচ্ছ সাগর, সুরক্ষিত সাগর’ অভিযান। এর অঙ্গ হিসেবে আজ গঙ্গাসাগরে আয়োজিত হয় ‘ফিট

ইন্ডিয়া’ কর্মসূচি। যোগচর্চার পাশাপাশি সুস্থ ও সচেতন জীবনযাপনের গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন প্রশাসনিক আধিকারিকরা।

এদিকে, পূর্ব মেদিনীপুর জেলার বগুরান জলপাই এর সমুদ্র সৈকত পরিচ্ছন্ন রাখার কর্মসূচী চালানো হয় গতকাল। মন্দারমনি পুরুষোত্তমপুরে স্থানীয় বাসিন্দাদের মধ্যে সমুদ্র সৈকত পরিস্কার রাখার গুরুত্ব নিয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

----------------------------

মুর্শিদাবাদের সালারের খাঁড়েরা গ্রামে জুয়ার ঠেকে অভিযান চালাতে গিয়ে দুষ্কৃতিদের ছোড়া বোমায় এএসআই সাদেক আলি এবং অপর এক পুলিশ কর্মীর আহত হওয়ার ঘটনায় ৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

ধৃতদের আজ কান্দি মহকুমা আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

----------------------------

উত্তর ২৪ পরগণার হাবড়ায় পুলিশ ব্যারাক থেকে সাব ইন্সপেক্টর বিশ্বনাথ সেনের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গতরাতেও তিনি ডিউটি করেন। থানার ব্যারাকে নিজের জন্য বরাদ্দ ঘরেই ছিলেন তিনি। আজ সকালে বারবার ডাকাডাকির

পরও কোনো সাড়া না মেলায় সহকর্মীরা দরজা ভেঙে ঘরের ভিতরে তাঁর ঝুলন্ত দেহ দেখতে পান। ঘটনার তদন্ত শুরু করেছে হাবড়া থানার পুলিশ।

-----------------------------

দেশবিরোধী শক্তিকে দূরে রাখার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আবেদন জানিয়েছেন। কলকাতার বালিগঞ্জে আজ গনেশ পুজোর উদ্বোধন করে মেয়েদের সম্মান দেওয়ার দায়িত্ব সকলের বলে তিনি উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী আজ ঢাকুরিয়া, মহারাষ্ট্র নিবাস ছাড়াও বেশ কয়েকটি পুজোর সূচনা করেন।

-----------------------------

উত্তরবঙ্গের ৬টি জেলা থেকে পূর্ব মেদিনীপুরের দীঘা জগন্নাথ মন্দির পর্যন্ত লাক্সারি বাস পরিষেবা চালুর লক্ষ্যে নতুন বাস কেনার জন্য রাজ্য সরকার ৬৪ লক্ষ টাকার বেশি অর্থ বরাদ্দ করেছে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম
এই পরিষেবা পরিচালনা করবে। পরিবহন দপ্তরের তরফে জানানো হয়েছে, ৬টি আধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত ভলভো স্লিপার বাস কেনা হবে। কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং-এর শিলিগুড়ি, উত্তর দিনাজপুর ও মালদা থেকে এই বাস চলবে।

-----------------------------

দেশের বিভিন্ন অংশ থেকে ধীরে ধীরে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বিদায়ের অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। আগামী ১৯ তারিখ নাগাদ প্রথমেই উত্তর -পশ্চিম ভারত থেকে এই প্রক্রিয়া শুরু হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান বক্তার হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন। তবে এই রাজ্য থেকে দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু বিদায় নিতে এখনও দেরি আছে বলে তিনি জানিয়েছেন। এদিকে, দক্ষিণবঙ্গে ১৭ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ আবার বাড়বে এবং উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে আগামী তিন চার দিন ভারী বৃষ্টির সতর্কতা দেওয়া হয়েছে।

--------------------------- ---------------------------